# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 14 April, 2025

রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউতে সর্ববৃহৎ ড্রোন শো প্রদর্শিত হয়েছে।এতে ফিলিস্তিনের জন্য প্রার্থনা করা হয়েছে।শোতে আরও ছিল জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী শহীদ আবু সাঈদ (প্রতীকী), পানির বোতল হাতে প্রতীকী মুগ্ধ, '২৪-এর বীর', পায়রার খাঁচা ভাঙা থিম এবং বাংলাদেশ-চীন বন্ধুত্বের শুভেচ্ছাবার্তা।

সোমবার (১৪ এপ্রিল) সন্ধ্যা ৭টায় সর্ববৃহৎ এ ড্রোন শো প্রদর্শিত হয়েছে।ঢাকায় অবস্থিত চীনা দূতাবাসের কারিগরি সহযোগিতায় এবং বাংলাদেশ সরকারের সহযোগিতায় এ ড্রোন শো আয়োজন করা হয়।

শোতে জুলাই আন্দোলনের প্রসঙ্গ ও গণ-অভ্যুত্থান থেকে শুরু করে শেখ হাসিনার পতনের দাবিতে সাম্প্রতিক ছাত্র-জনতার প্রতিবাদও স্থান পেয়েছে প্রতীকীভাবে। অনুষ্ঠানের আয়োজকরা জানান, এ ড্রোন শো কেবল বিনোদনের জন্য নয়, বরং এটি বর্তমান সময়ের গুরুত্বপূর্ণ বার্তা বহন করে।প্রযুক্তির মাধ্যমে তুলে ধরা হয়েছে গণআন্দোলন, মানবিক বিপর্যয় এবং আশা-ভবিষ্যতের ইঙ্গিত। ড্রোন শোর আগে বিকেল ৩টা থেকে শুরু হয় বৈশাখী কনসার্ট।শিল্পীদের পরিবেশনায় পরিবেশিত হয় 'এসো হে বৈশাখ' গানটি।একক সংগীত পরিবেশন করেন মিঠুন চক্র ও পালাকার ইসলামউদ্দিন।রাকিব ও সাগর দেওয়ান পরিবেশন করেন দ্বৈত ও একক সংগীত, আরজ আলী ওস্তাদের সঙ্গে রাকিব পরিবেশন করেন আরও দুটি দ্বৈত গান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী, বিশেষ অতিথি ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন।

ড্রোন শেখ হাসিনা ফিলিস্তিন উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 06:05

URL: https://timestodaybd.com/national/12466792